ভোরের কাগজ

তারিখ ... 26 MAY 2003 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... 4 ......

# পাহাড়ি ছাত্র পরিষদের ১৯ সদস্যবিশিষ্ট নতুন কেন্দ্রীয় কমিটি

চট্টগ্রাম অফিস : পাহাড়ি ছাত্র পরিষদের ১৯ সদস্যবিশিষ্ট নতুন কেন্দ্রীয় কমিটি গঠন করা হয়েছে। গত শুক্রবার নগরীর জে এম সেন হলে পরিষদের তিন দিনব্যাপী কাউন্সিল অধিবেশন শেষে এ কমিটি গঠন করা হয়। নবনির্বাচিত কমিটিতে মিঠুন চাকমা সভাপতি ও অলকেশ চাকমা সাধারণ সম্পাদক নির্বাচিত হন।

জেলাস চাকমার সভাপতিত্বে অনুষ্ঠিত কাউন্সিল অধিবেশনে নেতৃবৃন্দ গত ২০ মে ঢাকায় সন্তু লারমার ইউপিডিএফকে যেখানেই পাওয়া যাবে সেখানেই নিধনের ঘোষণার তীব্র সমালোচনা করেন এবং সন্তু লারমার এ ধরনের বক্তব্য ধ্বংসাত্মক ও কাপুরুষোচিত বলে অভিহিত করেন। বক্তারা পার্বত্য চট্টগ্রামের ভ্রাতৃঘাতী সংঘাতকে উস্কে দিতে এ বক্তব্য মদদ যোগাবে বলে মত প্রকাশ করেন।

কাউন্সিল অধিবেশনে নেতৃবৃন্দ পার্বত্য চট্টগ্রামের স্থায়ী শান্তি ও সমাধানের লক্ষ্যে সরকারকে পার্বত্য চট্টগ্রামের আন্দোলনকারী শক্তি ইউপিডিএফের সঙ্গে আলোচনায় বসার আহ্বান জানান।

কাউন্সিল অধিবেশনে তিন পার্বত্য জেলা খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলার বিভিন্ন থানা শাখার প্রতিনিধিরা অংশগ্রহণ করেন এবং শাখার কার্যক্রমের সাংগঠনিক রিপোর্ট পেশ করেন।